

8 Notes – এর ফান্ড রেইজিং কনসার্ট ফর চিলড্রেন হসপিটাল এট ওয়েস্টমিড সুসম্পন্ন

“8 Notes – A Bangladeshi Band in Sydney” - এর আয়োজিত ফান্ড রেইজিং কনসার্টটি সফল ভাবে সম্পন্ন হয়েছে। গত ২৯শে অক্টোবর সন্ধ্যা ৭টা থেকে রাত ১০টা ৩০ মিনিট পর্যন্ত কয়েকশত প্রবাসী সঙ্গীত প্রেমীদের উপস্থিতিতে একটি ব্যতিক্রমধর্মী মনমুগ্ধকর অনুষ্ঠান পরিবেশন করেছে ব্যান্ডটি। কনসার্ট থেকে সংগৃহীত অর্থ প্রদান করা হবে “চিলড্রেন হসপিটাল এট ওয়েস্টমিড”- এর তহবীলে।



উক্ত অনুষ্ঠানে ব্যান্ডটির পরিবেশনায় ওয়েস্টার্ন এবং ইস্টার্ন সঙ্গীতের ফিউশন ছিল অসাধারণ। আমাদের দেশীয় বায়া-তবলা ছিল প্রতিটি গানের ভিত এবং সেই সাথে প্রাচ্য-সঙ্গীতের যাদুকরী গীটার, কী-বোর্ড এবং ড্রাম যোগ করেছে এক নতুন মাত্রা যা শ্রোতাদের করেছে মন্ত্রমুগ্ধ এবং অভিভূত। কানায় কানায় পরিপূর্ণ কনসার্ট ভেগুতে প্রতিটি ঘন্টা যেন পার হয়ে গেছে মিনিটের মত।

উল্লেখ্য, সিডনী প্রবাসী ৬জন সঙ্গীত প্রেমী বাংলাদেশী মানুষের গান পাগলামী নিয়ে গড়া “8 Notes” ব্যান্ডটি। এটি একটি অরাজনৈতিক, ধর্ম নিরপেক্ষ, এবং নন-প্রফিট সংগঠন। সঙ্গীতের প্রতি ভালোবাসার পাশপাশি ব্যান্ডটির সদস্যরা সমাজ কল্যাণমূলক যে কোন পদক্ষেপে আগ্রহী এবং কাজ করতে ইচ্ছুক। ব্যান্ডের সদস্যরা হলেনঃ Samiul- Keyboard, Asif – Guitar & Vocal, Shishir – Bass Guitar, Tutul – Drums & Tabla, Hasan – Guitar & Vocal, Ehsan – Vocal। উক্ত অনুষ্ঠানে ব্যান্ডটিকে Octopad এ সহযোগীতা করেছেন Shaon এবং Sound mixing এর দূরহ কাজটি করেছেন Mitul. ব্যান্ডের যোগাযোগঃ Facebook Group --- “8 Notes”